

ফোন : (০৩৩) ২২৮৬-৫৬৫৭

ফ্যাক্স : (০৩৩) ২২২৭-৫৩৯১



পশ্চিমবঙ্গ বিজ্ঞান মঞ্চ

(রেজিস্টার্ড :- পশ্চিমবঙ্গ সোসাইটি রেজিস্ট্রেশন অ্যাক্ট XXVI, 1961)

রেজিস্ট্রেশন নং-এস/৫৫৬৯৩ (১৯৮৭-১৯৮৮ বর্ষে)

১৬২-বি, অ্যাচার্স জগদীশ চন্দ্র বসু রোড, কলকাতা-৭০০ ০১৪

৫ম তল, রুম নং: ৪০১ ও ৪০২

E-mail: pbvmancha@gmail.com

Website : http://www.pbvm.org.in

পত্রাক :

তারিখ :

২৪/০৪/২০১৭

প্রতি

বার্তা সম্পাদক / মুখ্য-সাংবাদিক

বিষয়: বাস্তুশাস্ত্র বিষয়ক বিবৃতি।

মহাশয়/মহাশয়া,

আপনার বহুল প্রচারিত সংবাদ মাধ্যমে নিম্নলিখিত বিবৃতিটি প্রচারের জন্য অনুরোধ করছি। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করলে আমরা বাধিত হব।

ধন্যবাদ ও অভিনন্দনসহ-

প্রদীপ মহাপাত্র
(প্রদীপ মহাপাত্র)
সাধারণ সম্পাদক

বাস্তুশাস্ত্র পাঠক্রমে প্রবর্তনের সিদ্ধান্ত বাতিল করা হোক

অতি সম্প্রতি খড়্গপুর আই আই টি-তে স্থাপত্য কারিগরিবিদ্যায় বাস্তুশাস্ত্র বিষয়ক পাঠক্রম অন্তর্ভুক্তির কথা ঘোষণা করা হয়েছে। বলাই বাহুল্য বিজ্ঞান-প্রযুক্তির বিপরীতে কুসংস্কারে ভরা কল্পকথা বা বিশ্বাসকে ‘বাস্তুশাস্ত্র’ নামে প্রযুক্তি-বিজ্ঞান বলে সিলমোহর দেওয়ার অভিসন্ধি আমাদের কাছে নতুন নয়। প্রায় দুই দশক আগে ভারতের সকল উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে ‘বৈদিক জ্যোতিঃশাস্ত্র’ পাঠক্রম অন্তর্ভুক্তির যে বিজ্ঞপ্তি জারি হয়েছিল, উপরিউক্ত সিদ্ধান্ত আয়তনে স্বল্পপরিসর হলেও তুলনীয়। আগামীদিনে কেন্দ্রের অঙ্গুলিহেলনে এই ভাবনা ভারতের সকল কারিগরিবিদ্যার প্রতিষ্ঠানে ব্যপ্ত হলেও আমরা আশ্চর্য হব না। উদ্বেগের বিষয় - দেশজুড়ে এখন চলছে অপবিজ্ঞানকে বিজ্ঞান হিসেবে প্রচলনের যাবতীয় উদ্যোগ। কল্পবিজ্ঞানকে ভারতের ইতিহাস ও ধর্মতত্ত্বকে ভারতের দর্শন হিসেবে প্রণয়নের পরিকল্পিত প্রচেষ্টা চলছে। সমাজে বিজ্ঞান মনস্কতা তৈরি ভারতীয় নাগরিকদের কর্তব্য বলে সংবিধানে স্বীকৃত হলেও বর্তমান দেশ পরিচালকরাই তাকে মানতে চাইছেন না। যারা অন্ধবিশ্বাস-কুসংস্কারমুক্ত বিজ্ঞানমনস্ক সমাজ তৈরিতে উদ্যোগী ভূমিকা পালন করছেন তাঁদেরকে খুন করা হচ্ছে।

পশ্চিমবঙ্গ বিজ্ঞান মঞ্চ এই ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করছে এবং বাস্তুশাস্ত্রকে পাঠক্রমে অন্তর্ভুক্তির এই সিদ্ধান্ত বাতিলের দাবি জানাচ্ছে। এই প্রশ্নে দেশের বিজ্ঞানী ও গবেষক মহলকে সংঘবদ্ধ ভাবে প্রতিবাদ জানানোর জন্য অনুরোধ করা হচ্ছে।

পশ্চিমবঙ্গ বিজ্ঞান মঞ্চ